

এইচএসসির ফলাফল প্রকাশ করলেন প্রধানমন্ত্রী



ছবি: বিটিভি থেকে নেওয়া

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ নভেম্বর ২০২৩ | ১১:১১ | আপডেট: ২৬ নভেম্বর ২০২৩ | ১১:১৪

(-) (অ) (+)

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশ করলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আজ রোববার সকাল ১১টার দিকে গণভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে তিনি ফলাফল প্রকাশ কার্যক্রম উদ্বোধন করেন।

এর আগে সকাল ১০টার দিকে গণভবনে এক অনুষ্ঠানের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে ফলাফলের অনুলিপি হস্তান্তর করেন শিক্ষামন্ত্রী দীপু মনি ও শিক্ষাবোর্ডগুলোর চেয়ারম্যানেরা।

পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী বেলা ১১টায় শিক্ষার্থীরা ফলাফল পাওয়ার কথা। তারপর বেলা দুইটায় রাজধানীর আন্তর্জাতিক মাত্তভাষা ইনসিটিউটে ফলাফলের বিস্তারিত তথ্য তুলে ধরবেন শিক্ষামন্ত্রী দীপু মনি।